২৯।হে ঈশ্বর, আমরা তোমার বাক্যের জন্য তোমাকে ধন্যবাদ দিই, যা আমাদের হৃদয়ে দৃঢ় প্রত্যয় উৎপাদন করে।আমরা প্রার্থনা করি সকল শ্রোতাদের জন্য যেন তোমার বাক্য তাদের হৃদয়কে স্পর্শ করে যাতে তারা পরিত্রাণ লাভ করতে পারে। (যোহন ৬:৩৭)

৩০। হে প্রভু, আমরা সার্বিয়ার আশাময়ী নারী অনুষ্ঠানগুলি ব্যবহারের জন্য তোমাকে ধন্যবাদ দিই যা অসংখ্য মহিলাদের কাছে উৎসাহ এবং সান্ত্বনা আনে।অন্যদের কাছে আশা আনার জন্য সামাজিক প্রচার মাধ্যমগুলি দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ। (১ করিন্থীয় ১:৩)

৩১। হে প্রভু, হৃদয়ের বাগান অনুষ্ঠানটির মাধ্যমে সুইডেনের শ্রোতাদের স্পর্শ করার জন্য আমরা তোমাকে ধন্যবাদ দিই। এই অনুষ্ঠানটি অনেককে আরোগ্য এবং পুনরুদ্ধার খুঁজে পেতে সাহায্য করেছে। (গীত ৯:১১)

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। প্রার্থনা করবেন যেন ঈশ্বর এই মহামারির হাত থেকে তার ভালবাসার সন্তানদেরকে রক্ষা করেন এবং আমাদের দেশ কে করোনা মুক্ত করেন। ঈশ্বরের বাক্য অনুযায়ী (যিরমিয় ৩৩:৬) তিনি যেন আমাদের দেশের প্রতি অনুগ্র করেন।

২। বিশেষ প্রার্থনা করবেন, বাংলাদেশে অনেক হতদরিদ্র এবং মধ্য বিত্ত মানুষ রয়েছে যাদের এই করোনা ভাইরাসের কারণে সব রকম আয়ের উৎস বন্ধ হয়ে গেছে এবং যার কারণে অনাহারে তাদের দিন কাটাতে হচ্ছে। সমস্থ মানুষ যেন ঈশ্বরের কাছে আসে এবং ঈশ্বর যেন তার পর্বত থেকে তাদের জন্য সাহায্য পাঠান।

৩। বাংলাদেশ এখনো ১০/৪০ উইন্ডো (সমস্থ জায়গায় আজও সুসমাচার প্রচার হয় নাই) সীমারেখায় আছে, প্রার্থনা করবেন ঈশ্বর যেন তার বাংলাদেশে কার্যকারী লোক পাঠান এবং বাংলাদেশে যেন সমস্থ যায়গায় আত্মিক জাগরণ তৈরি হয়। যীশু বলেন, "শস্য প্রচুর বটে, কিন্তু কার্যকারী লোক অল্প; অতএব শস্যক্ষেত্রের স্বামীর নিকটে প্রার্থনা কর, যেন তিনি নিজ শস্যক্ষেত্রে কার্যকারী লোক পাঠাইয়া দেন" (মথি ৯:৩৭-৩৮)।

৪। এখনো বিভিন্ন জায়গায় ঈশ্বরের বিশ্বাসীগণ প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বিভিন্নভাবে অত্যাচারিত হচ্ছে, বিশেষভাবে যারা সুসমাচার নিয়ে কাজ করে তারা বিভিন্ন বৈষম্যের শিকার হচ্ছে। তাদের জন্য প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার সন্তানদেরকে তার পক্ষের নিচে করে রক্ষা করেন এবং কার্যকর ভাবে তাদের ব্যবহার করেন। সাধু পল বলেন "আর আমরা যেন অশিষ্ট ও মন্দ লোকদের হইতে উদ্ধার পাই; কেননা সকলের বিশ্বাস নাই। 3কিন্তু প্রভু বিশ্বস্ত; তিনিই তোমাদিগকে সুস্থির করিবেন ও মন্দ হইতে রক্ষা করিবেন" (২ থিষলনীকীয় ৩:২-৩)।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন, যারা বাংলাদেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য প্রাণপণ কাজ করছেন তাদের জন্য প্রার্থনা করবেন, তারা যেন কোন রকম পরীক্ষায় না পরে, কোন রকম অনৈতিক কাজে লিপ্ত না হয়ে দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে পারেন। তাদের মধ্যে যেন ঈশ্বরভয় থাকে, সর্বোপরি তারা যেন ঈশ্বরকে জানতে পারে। "আমার সর্বপ্রথম নিবেদন এই, যেন সকল মনুষ্যের নিমিত্ত, বিনতি, প্রার্থনা, অনুরোধ, ধন্যবাদ করা হয়; [বিশেষতঃ] রাজাদের ও উচ্চপদস্থ সকলের নিমিত্ত; যেন আমরা সম্পূর্ণ ভক্তিতে ও ধীরতায় নিরুদ্বেগ ও প্রশান্ত জীবন যাপন করিতে পারি। তাহাই আমাদের ত্রাণকর্তা ঈশ্বরের সম্মুখে উত্তম ও গ্রাহ্য;" (১ তীমথিয় ২:১-৩)।

# Women of Hope

## Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2021. 12.**

ঈশ্বরের প্রশংসার উপর প্রার্থনার অনুরোধসমূহ

"তোমরা প্রার্থনায় নিবিষ্ট থাক, ধন্যবাদ সহকারে এ বিষয়ে জাগিয়া থাক"। (কলসীয় ৪:২) আমরা কৃতজ্ঞ হতে পারি না যদি না আমরা আধ্যাত্মিকভাবে জাগ্রত হই এবং ঈশ্বরের বিস্তারিত নির্দেশনা অনুভব করি। ঈশ্বরের ধার্মিকতা, পবিত্রতা, প্রেমময়তা, চিরন্তনতা, এই কারণেই আমরা ঈশ্বরের প্রশংসা করি এবং ধন্যবাদ জানাই। আমরা ডিসেম্বর মাসে সারা বিশ্ব থেকে পাঠানো ধন্যবাদের বিষয়গুলি নিয়ে প্রার্থনা করব। আসুন আমরা আধ্যাত্মিক গানের মাধ্যমে প্রভুর প্রশংসা করি।

**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। হে ঈশ্বর,এই অতিমারী চলাকালীন রোমানীয় মণ্ডলীগুলি অনলাইনে অনেক বেশী দৃশ্যমান হয়েছিল।এই বিষয়টি তাদেরকে সেই সমস্ত লোকদের সঙ্গে সাক্ষাৎ করার সুযোগ করে দিয়েছিল যারা একটি মণ্ডলীতে প্রবেশ করার সাহস পাচ্ছিল না। (প্রেরিত ৮:৪)

২।হে পিতা,আমরা তোমাকে ধন্যবাদ দিই,যে কোভিড অতিমারী জাপানীদের জীবন সম্পর্কে আরও অধিক গাম্ভীর্যের সঙ্গে চিন্তা করতে বাধ্য করেছে। তারা যেন জীবনের উত্তরগুলির জন্য তোমার,অর্থাৎ সত্য ঈশ্বরের অন্বেষণ করে। (যিশাইয় ৫৫:১০-১১)

৩।হে পিতা, প্যারাগুয়ের বুয়েন পাস্টর কারাগারে মহিলাদের কাছে ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী পরিচর্যা কাজ আবার শুরু করতে পারার জন্য আমরা তোমার কাছে কৃতজ্ঞ। সেখানে আমরা যেন পরিত্রাণের বার্তা আনতে পারি তার জন্য তুমি যে স্বেচ্ছাসেবিকাদের, বিভিন্ন উপাদানগুলি এবং অনুদানগুলির জোগান দিচ্ছ তার জন্য তোমাকে ধন্যবাদ। (যোহন ১৬:২২)

৪।প্রভু, তোমাকে ধন্যবাদ দিই যে লাইবেরিয়ায় তাদের "যাও এবং সহভাগিতা করো সপ্তাহে" ১৮ জন মহিলা খ্রীষ্টকে গ্রহণ করেছে। আমরা প্রার্থনা করি যাতে আরও অধিক লোক পরিত্রাণ খুঁজে পায়। (লূক ১৫:৬)

৫। হে ঈশ্বর, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে আমরা স্পেনে 'লুকানো রত্নভাণ্ডার' উপস্থাপন করার বিষয় অগ্রসর হতে সক্ষম হয়েছি।"আমি সর্বদা সদাপ্রভুর ধন্যবাদ করব;তাঁর প্রশংসা সর্বদা আমার মুখে থাকবে" (গীত ৩৫:১)।

৬।হে ঈশ্বর, দক্ষিণ কোরিয়ায় ৩০ জন বিশ্বস্ত স্বেচ্ছাসেবী ট্রান্সওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী সংস্থার সঙ্গে কাজ করার জন্য আমরা তোমার প্রশংসা করি।তাদের বিভিন্ন প্রতিভা দানের জন্য এবং তোমার সেবা করার জন্য তাদের একত্রে আনার বিষয়ে তোমাকে ধন্যবাদ দিই। (১ করি ১২:৪-৬)

৭।হে পিতা, আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে উত্তর ককেশাসের মুসলিম মহিলাদের কাছে সান্ত্বনা আনার জন্য তোমাকে ধন্যবাদ দিই।অনেকেই তাদের স্বামীদের ভালোবাসতে শিখেছে, আর এখন তাদের ঘরগুলি শান্তি এবং আশীর্ব্বাদে পরিপূর্ণ। (লূক ১:৬৮)

৮। হে পিতা, আমরা তোমার প্রশংসা করি যে এই অতিমারী চলাকালীন আশাময়ী নারী হিন্দী এবং বাংলায় অনুষ্ঠানগুলি সম্প্রচার করতে পেরেছিল।ভারতে ভিডিও এবং ফোন কলগুলির মাধ্যমে প্রার্থনায় যোগদান করার উপায় দেওয়ার জন্যেও তোমাকে ধন্যবাদ দিই।(হিব্রীয় ১০:২৫)

৯।ঈশ্বরের প্রশংসা হোক যে ফ্রান্সের লিয়োঁতে খ্রীষ্ট বিশ্বাসীরা প্রতিবছর ডিসেম্বরে আলোর উৎসব চলাকালীন ৫,০০০ বাইবেল বিতরণ করতে পারে। তোমাকে আরও ধন্যবাদ দিই যে অসংখ্য লোকেরা বাইবেল চাইছে।(মথি ৪:৪)

১০।এই অতিমারীর সময় বিভিন্ন সমস্যার সম্মুখীন হওয়া সত্ত্বেও ফিলিপাইনসের আশাময়ী নারী তাগালগ সম্প্রচারের শ্রোতারা বিশ্বাসে সুদৃঢ় থেকে যে পরিপক্কতা দেখিয়েছে তার জন্য ঈশ্বরের প্রশংসা হোক। আমরা আরও কৃতজ্ঞ যে অনেক শ্রোতারা বলেছেন যে তারা এই পরিচর্যা কাজের মাধ্যমে ঈশ্বরের বাক্যের দ্বারা অত্যন্ত আশীর্ব্বাদ পেয়েছেন। (১ করিন্থীয় ১৬:১৩)

১১। হে প্রভু, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে এই অতিমারীর সময়, উত্তর ইউরোপের অসংখ্য খ্রীষ্ট বিশ্বাসীরা উপলব্ধি করেছেন যে সাক্ষাৎকারের বন্দোবস্ত করা এবং ব্যবসায়িক সভাগুলির থেকে প্রার্থনায় তোমার সঙ্গে মিলিত হওয়ার বিষয়টি খুবই গুরুত্বপূর্ণ।(মার্ক ১:৩৫)

১২। হে পিতা,পর্তুগালে আশাময়ী নারী সম্প্রচারের জন্য নতুন দল গঠন করার জন্য এবং স্পটিফাইয়ের মতো নতুন অডিও মঞ্চ থেকে এই অনুষ্ঠানগুরি সম্প্রচারের সম্ভাবনা তৈরী করার জন্য আমরা তোমাকে ধন্যবাদ দিই। (গীত ৬৩:৪)

১৩। হে পিতা, এই লকডাউন চলাকালীন ঘরে থেকে কাজ করার কারণে লোকদের জীবন আরও অধিক নমনীয় হতে পারে। এই পরিবেশ চীনা মহিলাদের পবিত্র আত্মার মাধ্যমে বিজয়ী খ্রীষ্টীয় জীবনযাপন করার সামর্থ দিচ্ছে। (গীত ৭১:৮)

১৪। হে ঈশ্বর, তোমাকে ধন্যবাদ দিই যে এই কঠিন সময়গুলি সার্বিয়ার বিশ্বাসীদের বুঝতে সাহায্য করেছে যে তুমি সার্বভৌম শক্তির অধিকারী।আমরা তোমার উপর আস্থা রাখতে পারি, প্রভু। (গীত ৭১:৫)

১৫।হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি, কারণ তুমি সব সময় আমাদের প্রার্থনাগুলি শোনো। ফরোই দ্বীপপুঞ্জে এবং ডেনমার্কে অসংখ্য বিশ্বস্ত মধ্যস্থতাকারীদের দেওয়ার জন্য আমরা তোমাকে ধন্যবাদ দিই, তাদের মধ্যে অনেকেই বহু বছর ধরে প্রার্থনা করছেন। (১ যোহন ৫:১৪)

১৬। হে ঈশ্বর, অতিমারী চলাকালীন বোনেয়ারের অসংখ্য লোক তাদের চাকরী বজায় রেখেছিল এবং অন্যদের সেবা করতে সক্ষম হয়েছিল বলে আমরা তোমার প্রশংসা করি। (গীত ৬৮:১৯)

১৭।হে ঈশ্বর, উরুগুয়েতে অতিমারী চলাকালীন কীভাবে প্রযুক্তি আরও ভালোভাবে ব্যবহার করা যায় সেই বিষয়ে আমাদের শিক্ষা দেওয়ার জন্য আমরা তোমার প্রশংসা করি।এখন জুমের মাধ্যমে আমাদের চার্চগুলি প্রার্থনা করছে, সহভাগিতা করছে এবং এক সঙ্গে প্রভুর ভোজ গ্রহণ করছে। (যিশাইয় ২৫:১)

১৮।সর্বশক্তিমান সদাপ্রভু, আমরা তোমার প্রশংসা করি যে ইন্দোনেশিয়ার বিশ্বাসীরা এখন স্বাধীনভাবে সামাজিক প্রচার মাধ্যমের দ্বারা সুসমাচার প্রচার করতে পারে।নতুন বিশ্বাসীদের জন্য তোমাকে ধন্যবাদ দিই যারা এইভাবে তাদের সাক্ষ্যগুলি নির্ভীকভাবে সহভাগিতা করছে।(প্রেরিত ৪:২৯)

১৯।হে প্রভু,আমরা নেপালে আমাদের নতুন জাতীয় সমন্বয়কারী, ফুল মায়া তামাংয়ের জন্য, এবং সেই সমস্ত নতুন বিশ্বাসীদের জন্য তোমার প্রশংসা করি যারা সেখানে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী পরিচর্যার মাধ্যমে আশা খুঁজে পেয়েছে। (১ করিন্থীয় ১:৪)

২০। হে পিতা, আমরা সুইডেনে আমাদের ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর কয়েক জন বিশ্বস্ত স্বেচ্ছাসেবী কারিন, ইভা, কারস্টিন, হেলেন এবং রেবেকার জন্য তোমাকে ধন্যবাদ দিই। তুমি তাদের হাতের কাজের জন্য তাদের আশীর্ব্বাদ করো। (গীত ৯০:১৭)

২১। সর্বশক্তিমান ঈশ্বর, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে এই অতিমারীর সময় ভিয়েৎনামের শ্রোতারা ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী অনুষ্ঠানগুলির মাধ্যমে সান্ত্বনা এবং শান্তি খুঁজে পেয়েছে। (২ করি ১:২০)

২২। হে ঈশ্বর, আমরা ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী গ্লোবাল মিনিস্ট্রির জার্মান অনুদানকারী এবং সমর্থকদের জন্য তোমার প্রশংসা করি।তাদের সঙ্গতিপূর্ণ আর্থিক সাহায্য বিভিন্ন ভাষায় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি পরিচালিত করার জন্য তহবিলের জোগান দিয়ে আসছে। (গালাতীয় ৬:৯)

২৩।হে ঈশ্বর,আমরা তোমার প্রশংসা করি যে তুমি ইথিওপীয়ায় ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারীর জন্য শরনার্থীদের এবং উদ্বাস্তুদের সেবা করার জন্য সুযোগের দরজাগুলি খুলে দিয়েছো। হে প্রভু, যাদের তোমার স্পর্শের প্রয়োজন তাদের মধ্যে তোমার আরোগ্য এবং সম্পূর্ণতা আনো।

২৪।হে সদাপ্রভু, ফিনিসীয় মণ্ডলীগুলিতে যে পুনর্গঠন ঘটছে তার জন্য আমরা তোমার প্রশংসা করি যেখানে প্রার্থনা, মধ্যস্থতাকারী প্রার্থনা এবং ব্যক্তিগত আত্মিকতা ক্রমবর্দ্ধমানভাবে আরও অধিক গুরুত্বপূর্ণ হয়ে উঠছে।

২৫।হে ঈশ্বর, কোভিড অতিমারী সত্ত্বেও এবছর মার্চ মাসে জাপানে ট্রান্স ওয়ার্ল্ড রেডিও আশাময়ী নারী পরিচর্যা কাজ শুরু হতে দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ দিই।(যিশাইয় ৫৫:৮-৯)।

২৬।করোনা ভাইরাস সঙ্কটের মধ্যে যারা স্পেনে আশাময়ী নারী সম্প্রচারে কাজ করেছেন তাদের সকলকে রক্ষা করার জন্য হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি। (গীত ৯:১)

২৭।হে পিতা, মিশনের মানসিকতা নিয়ে কোরিয়ার যারা প্রার্থনা করছেন তাদের জন্য তোমাকে ধন্যবাদ দিই। আমরা এই ধরণের আরও অধিক বিশ্বস্ত মধ্যস্থতাকারীদের জন্য প্রার্থনা করি। (গীত ৬৬:২০)

২৮।হে প্রভু, এই অতিমারীর সময়, বিশেষ করে উত্তর ককেশাসে যেখানে প্রকাশ্যে সুসমাচার প্রচার করা কঠিন সেখানও, সুসমাচার প্রসারের জন্য প্রচার মাধ্যমকে ব্যবহার করার জন্য তোমাকে ধন্যবাদ দিই। (রোমীয় ৮:২৮)